**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# স্টেটব্যাপী প্রথমবারের মতো বায়ুর মান পর্যবেক্ষণের উদ্যোগ চালু হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***দূষণের বাড়তি বোঝা বহন করতে থাকা কমিউনিটিগুলোতে হাইপারলোকাল বায়ুর মান ও গ্রিনহাউজ গ্যাস তদারকির ব্যবস্থা করা হচ্ছে***

***Aclima মোবাইল ম্যাপিং টেকনোলজি গুগল পাবলিক সেক্টরের সঙ্গে অংশীদার হয়ে মোট 10টি কমিউনিটির মধ্যে প্রথম চারটিতে - ব্রঙ্কস, বাফেলো, রাজধানী অঞ্চল, ও ম্যানহাটনে - বাস্তবায়নের কাজ করছে***

***কর্মক্ষমতা গড়ে তোলার জন্য এখন 1 মিলিয়ন ডলার লভ্য রয়েছে; সেইসাথে কমিউনিটির নেতৃত্বে পরিচালিত বায়ুর মান পর্যবেক্ষণ কার্যক্রমে সহায়তা করতে আজ 2 মিলিয়ন ডলার প্রদানের ঘোষণা দেওয়া হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটব্যাপী ঐতিহাসিক বায়ুর মান ও গ্রিনহাউজ গ্যাসের ভ্রাম্যমাণ পর্যবেক্ষণ উদ্যোগ চালু হওয়ার কথা ঘোষণা করেছেন যা 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটির মধ্যে প্রথম চারটিতে, যেখানে প্রায় পাঁচ মিলিয়ন নিউ ইয়র্কবাসীর বসবাস—স্টেটের জনসংখ্যার 25 শতাংশ—পরিবেশ দূষণের বাড়তি বোঝা নিয়ে ভারাক্রান্ত এলাকাগুলোতে বাস্তবায়ন করা হচ্ছে। কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে কাজ করে কমিউনিটি পর্যায়ে স্টেটব্যাপী হাইপারলোকাল বায়ু দূষণ ও গ্রিনহাউজ গ্যাসের মানচিত্র তৈরি করার এই প্রচেষ্টা নিউ ইয়র্ক স্টেটের গ্রহণ করা এযাবতকালের সর্ববৃহৎ উদ্যোগ। এই উদ্যোগ Aclima-এর প্রমাণিত মোবাইল ম্যাপিং প্রযুক্তি ও পেশাদার অ্যানালিটিক্স ব্যবহার করছে, যা শুধুমাত্র গুগল ক্লাউড (Google Cloud) থেকে পরিচালনা করা হবে। ব্রঙ্কস, বাফেলো/নায়াগ্রা ফলস, রাজধানী অঞ্চল, ও ম্যানহাটনে পর্যবেক্ষণের কাজ শুরু হচ্ছে এবং এই শরতে আরো ছয়টি কমিউনিটিতে পর্যবেক্ষণের কাজ শুরু হবে। স্টেট তহবিলের আনুমানিক 3 মিলিয়ন ডলারের অনুদান এই উদ্যোগে শক্তি যোগাবে - বর্তমানে কমিউনিটিতে বায়ুর মান পর্যবেক্ষণের কর্মক্ষমতা গড়ে তোলার জন্য অনুদান হিসেবে 1 মিলিয়ন ডলার লভ্য রয়েছে, এবং স্টেটের প্রচেষ্টার পরিপূরক হিসেবে আরো 2 মিলিয়ন ডলারের নতুন অনুদান কমিউনিটির নেতৃত্বে পরিচালিত বায়ুর মান পর্যবেক্ষণের কাজে সহায়তা করবে।

"আমাদের স্টেটকে আরো বেশি নির্মল ও স্বাস্থ্যকর করে তুলতে নিউ ইয়র্ক যখন সামনে এগিয়ে যাওয়ার একটি সবুজতর পথ নির্মাণ করছে এই সময়ে আমরা অনেক দীর্ঘ সময় ধরে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর উপর বাড়তি বোঝা হয়ে চেপে বসা কয়েক দশকের পুরোনো পরিবেশগত অবিচার সংশোধনের জন্যেও কাজ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "একটি কমলা আকাশ ও দূষিত লেক এরি তৈরি করতে অবদান রাখা একটি স্টিল প্ল্যান্টের ছায়ায় বেড়ে উঠা একজন ব্যক্তি হিসেবে, বায়ু দূষণ ও জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ের গুরুত্ব সম্পর্কে আমি প্রত্যক্ষভাবে অবগত আছি। স্টেটব্যাপী এই ঐতিহাসিক বায়ুর মান ও গ্রিনহাউজ গ্যাস পর্যবেক্ষণের উদ্যোগ চালু করার মধ্য দিয়ে আমরা নিউ ইয়র্কের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোতে বায়ুর মান সংক্রান্ত সমস্যাগুলো মোকাবেলা করার কৌশল প্রণয়ন করবো, এবং একই সাথে স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু লক্ষ্য অর্জনে অবদান রাখবো।"

"বায়ুর মান পর্যবেক্ষণ করা আমাদেরকে গ্রিনহাউজ গ্যাস ও অন্যান্য বায়ু দূষণকারী পদার্থের পরিমাণ কমিয়ে আনার সমাধান খুঁজে বের করতে ডাটা দিয়ে সাহায্য করবে, এবং দীর্ঘ মেয়াদে জনস্বাস্থ্যের উন্নতি করবে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "এই প্রকল্প পুরো নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীদের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলবে, বিশেষ করে আমাদের কৃষ্ণাঙ্গ ও বাদামী বর্ণের কমিউনিটিগুলোতে যা ঐতিহাসিক কাল থেকে দূষণের বাড়তি বোঝা বহন করে আসছেন।"

Aclima-র মোবাইল মনিটরিং ফ্লিট জনস্বাস্থ্যের সুরক্ষার জন্য গ্রিনহাউজ গ্যাস ও অন্যান্য ক্ষতিকর বায়ু দূষণকারী পদার্থের পরিমাণ কমিয়ে আনবে এমন সমাধানগুলো খুঁজে বের করতে হাইপারলোকাল ডাটা সংগ্রহ করবে এবং নিউ ইয়র্কের দেশের নেতৃস্থানীয় জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যসমূহ অর্জনের কৌশল প্রণয়নের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের (Climate Justice Working Group) সঙ্গে পরামর্শক্রমে পর্যবেক্ষণের জন্য নির্বাচিত 10টি কমিউনিটি CJWG-এর প্রণীত মানদণ্ড অনুযায়ী অসম অনুপাতে বায়ু দূষণের বোঝা বহন করছে বলে শনাক্ত হয়েছে, এবং এসব কমিউনিটির মধ্যে রয়েছে বাফেলো/নায়াগ্রা ফলস, রাজধানী অঞ্চল, ব্রঙ্কস, ম্যানহাটন, রচেস্টার, সিরাকিউস, মাউন্ট ভার্নন/ইয়ংকার্স, ব্রুকলিন, কুইন্স, ও হেম্পস্টেড। কমিউনিটির মতামত নিয়ে এবং দূষণের উৎস সম্পর্কে বর্তমান অনুধাবনকে কাজে লাগিয়ে প্রতিটি এলাকায় পর্যবেক্ষণ করার অঞ্চলের সীমানা নির্ধারণ করা হয়েছে। সেইসাথে, নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) সংগৃহীত ডাটা মূল্যায়ন এবং ক্ষতিকর নির্গমন কমিয়ে আনার সমাধানগুলো শনাক্ত ও বাস্তবায়ন করার জন্য কমিউনিটিভিত্তিক সংস্থাগুলো এবং প্রত্যেক এলাকার স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে অংশীদার হচ্ছে।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি বাসিল সেগোস বলেন,** "দীর্ঘ সময় ধরে পরিবেশগত দূষণের বাড়তি বোঝার ভারে ভারাক্রান্ত আশেপাশের এলাকাগুলোতে এই গুরুত্বপূর্ণ কাজটি চালু করার জন্য নিউ ইয়র্ক স্টেট এই মাইলফলকস্বরূপ উদ্যোগকে দ্রুত গতিতে এগিয়ে নিচ্ছে এবং আমাদের কমিউনিটি অংশীদারদের সহায়তার জন্য অনুদান বৃদ্ধি করছে। এটি জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং সব নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করবে এমন কমিউনিটির নেতৃত্বাধীন উদ্যোগগুলোর জন্য আজ 3 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার মতো সহায়তা ও

সংস্থানসমূহ সরবরাহ করার ক্ষেত্রে গভর্নর হোকলের সফল নেতৃত্বের সরাসরি প্রমাণ। পরিবেশ সংরক্ষণ বিভাগ নিউ ইয়র্কের বহু জলবায়ু ও পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার বিষয়ে নেতৃস্থানীয়দের সঙ্গে ডাটা-ভিত্তিক সমাধান উন্নয়ন করার জন্য যোগদান করতে আগ্রহী যা জনস্বাস্থ্যের জন্য সুফল বয়ে আনবে এবং আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যগুলো পূরণ করতে সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও CEO এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি ডোরিন হ্যারিস বলেন**, "সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বায়ুমণ্ডলীয় দূষণের মাত্রা এবং সেসব কমিউনিটিতে এটি যে ক্ষতিকর প্রভাব ফেলেছে তা আরো ভালোভাবে অনুধাবন করার জন্য পরিবেশ সংরক্ষণ বিভাগের প্রচেষ্টাকে নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ সমর্থন করে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করা এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য অধিকতর স্বাস্থ্যকর কমিউনিটি তৈরি করার জন্য স্টেটের বিস্তৃত কার্যক্রমের অংশ হিসেবে বায়ুর মান উন্নত করাকে একটি অগ্রাধিকার হিসেবে গ্রহণ করছে।"

অক্টোবর মাসে যোগ্যতার জন্য অনুরোধ জমা দেওয়ার পরে, নিউ ইয়র্ক স্টেট গুগল পাবলিক সেক্টরের সঙ্গে স্টেটের চুক্তির মাধ্যমে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বায়ুর মানের পরিমাপ সংগ্রহ ও বিশ্লেষণ করার জন্য Aclima-র মোবাইল সেনসিং প্রযুক্তি ও সফটওয়্যার প্ল্যাটফর্ম কাজে লাগানোর জন্য একটি চুক্তি চূড়ান্ত করেছে। Aclima-র বায়ুর মান পর্যবেক্ষণের ডাটা এটির যানবাহনের বহরে সংযুক্ত মোবাইল সেন্সর দ্বারা সংগৃহীত হচ্ছে যেটি বিভিন্ন সময়, দিন ও ঋতুতে একেকটি ব্লক অনুযায়ী বায়ু দূষণের মাত্রা পরিমাপ করে। সব মিলিয়ে, এই পর্যবেক্ষণ অধিকতর মূল্যায়নের জন্য কমিউনিটি পর্যায়ে বায়ুর মানের উৎসগুলোর প্রাথমিক স্ক্রিনিং প্রদান করবে। প্রাপ্ত ফলাফলগুলো নির্গমনের পরিমাণ কমিয়ে আনতে এবং বায়ু দূষণের দ্বারা বৈষম্যমূলকভাবে ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে স্বাস্থ্য সংক্রান্ত বোঝা ও অসমতা মোকাবেলায় সাহায্য করতে আমাদের অংশীদারদের সহযোগিতায় পদক্ষেপ গ্রহণ করতে স্টেটকে তথ্য দিয়ে সাহায্য করবে।

জলবায়ু সপ্তাহের সময় গভর্নর ক্যাথি হোকল প্রথমবারের মতো কমিউনিটি এয়ার মনিটরিং উদ্যোগের কথা ঘোষণা করেন। এই প্রক্রিয়ায় কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করতে, গভর্নর হোকলের 2022 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণে পরিবেশ সংরক্ষণ বিভাগকে (Department of Environmental Conservation) কমিউনিটি এয়ার মনিটরিং ক্যাপাসিটি বিল্ডিং অনুদানের জন্য পূর্বে ঘোষিত তহবিল 500,000 ডলার থেকে 1 মিলিয়ন ডলারে বাড়ানোর নির্দেশ দিয়েছেন। এই তহবিল এখন 10টি চিহ্নিত কমিউনিটির মধ্যে অবস্থিত বা সেগুলোতে পরিষেবা প্রদানকারী যোগ্য কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলির সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করার জন্য লভ্য রয়েছে। সক্ষমতা গড়ে তোলার জন্য এই অনুদান যেসব ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে তার মধ্যে রয়েছে বায়ু দূষণ দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া কমিউনিটিগুলিতে দূষণের সংস্পর্শে আসা কমানো এবং জনস্বাস্থ্যের উন্নতির উপর দৃষ্টি নিবদ্ধকারী বিদ্যমান কর্মসূচিসমূহের উন্নয়ন বা শক্তিশালীকরণের জন্য, অথবা স্টেটের বায়ু পর্যবেক্ষণ কর্মসূচিতে কমিউনিটির অংশগ্রহণকে সমর্থন করার জন্য, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়। এই অনুদানের সুযোগ পরিবেশগত

ন্যায়বিচারের জন্য মনোনীত ডলার দিয়ে রাষ্ট্রীয় পরিবেশ সুরক্ষা তহবিল দ্বারা সমর্থিত। স্বতন্ত্র পুরস্কারের পরিমাণ 50,000 ডলার থেকে 100,000 ডলার পর্যন্ত হবে। পরিবেশ সংরক্ষণ বিভাগ নিউ ইয়র্ক স্টেট গ্র্যান্টস গেটওয়ের (New York State Grants Gateway) মাধ্যমে 14 সেপ্টেম্বর, 2022 তারিখ বিকাল 3টা পর্যন্ত আবেদন গ্রহণ করছে।

আজ ঘোষিত বাড়তি 2 মিলিয়ন ডলার, মোট 3 মিলিয়ন ডলারের জন্য, এসব এলাকায় মাঠপর্যায়ে কর্মরত কমিউনিটি গ্রুপগুলোর নিজেদের বায়ুর মান পর্যবেক্ষণ প্রচেষ্টায় অবদান রাখতে বা জোরদার করার জন্য অনুদান প্রদান করবে। এই বাড়তি তহবিল তাদের স্থানীয় এলাকায় কার্বন-মুক্ত প্রযুক্তিতে বিনিয়োগ এবং অন্যান্য নির্গমন কমানোর কৌশল শনাক্তকরণ ও নির্বাচনের ক্ষেত্রে আরো বেশি অবদান রাখার সুযোগ করে দেবে। এই নতুন অনুদানের সুযোগগুলির জন্য পুরস্কারের পরিমাণ ভিন্ন হবে, তবে প্রশিক্ষণ, বায়ু পর্যবেক্ষণ সরঞ্জাম ক্রয়, সেন্সর প্রযুক্তি, কমিউনিটি সম্পৃক্তকরণ ও শিক্ষা, বা পরামর্শদাতাদের সমর্থনের মাধ্যমে সংস্থাগুলিকে শক্তিশালী করার জন্য সক্ষমতা-বৃদ্ধিকারী প্রকল্পগুলির জন্য 100,000 ডলার পর্যন্ত তহবিল, এবং কমিউনিটির নেতৃত্বে বায়ু পর্যবেক্ষণে সহায়তার জন্য 500,000 ডলার পর্যন্ত অর্থ প্রদান করবে। এসব অনুদানের সুযোগ সম্পর্কে আরো তথ্য শীঘ্রই ঘোষণা করা হবে।

সেইসাথে, Aclima ঘোষণা করেছে যে BlocPower, নিউ ইয়র্ক-ভিত্তিক একটি জলবায়ু প্রযুক্তি স্টার্টআপ যা আমেরিকার অভ্যন্তরীণ শহরগুলিকে দ্রুত সবুজ করে তুলছে, Aclima এবং এর কমিউনিটি ও সরকারি অংশীদারদের সাথে Aclima-এর হাইপারলোকাল মোবাইল এনভায়রনমেন্টাল সেন্সর নেটওয়ার্ক পরিচালনার জন্য প্রশিক্ষণ ও কর্মী প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থানের জন্য কাজ করছে। এই অংশীদারিত্বের মাধ্যমে, BlocPower প্রভাবিত কমিউনিটিগুলো থেকে প্রতিভা সংগ্রহ করার জন্য Aclima-কে নিয়োগ ও কর্মশক্তি উন্নয়ন সহায়তা প্রদান করবে।

**Aclima-র সহ-প্রতিষ্ঠাতা এবং সিইও ডেভিডা হার্জল বলেন,** "গভর্নর হোকলের ঐতিহাসিক প্রতিশ্রুতির মাধ্যমে, নিউইয়র্ক হলো দেশের প্রথম স্টেট যেটি এমন একটি স্কেলে ব্লক-পর্যায়ে বায়ু দূষণ এবং গ্রিনহাউস গ্যাসগুলি পরিমাপ করে যা জলবায়ু সংকটকে জরুরিভাবে মোকাবেলা করে এবং এর চাহিদাগুলো পূরণ করে। আমরা স্টেটের উদ্ভাবনী ডাটা-চালিত পদ্ধতিকে সমর্থন করতে পেরে গর্বিত যা নির্গমন কমিয়ে আনাকে অগ্রাধিকার দিতে এবং জলবায়ু সংক্রান্ত ব্যবস্থা গ্রহণের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন এমন কমিউনিটিগুলোতে কর্মসংস্থানের ব্যবস্থা করতে সাহায্য করবে। নিউ ইয়র্ক এই দেশ ও বিশ্বের জন্য একটি নতুন মডেল তৈরি করছে যা সংকটকে সুযোগে পরিণত করে, নির্গমন কমিয়ে আনার সময় মানুষের উপকার করে, এবং সামনের সারির কমিউনিটি, বেসরকারি খাত এবং নীতিনির্ধারকদের কাছ থেকে পাওয়া সেরা ধারণাগুলিকে একত্রিত করে।"

**যুক্তরাষ্ট্রের স্টেট ও স্থানীয় সরকার এবং শিক্ষা বিভাগের Google পাবলিক সেক্টরের ম্যানেজিং ডিরেক্টর ব্রেন্ট মিচেল বলেন,** "প্রতিটি-রাস্তায়, প্রতিটি-ব্লকে বায়ু দূষণের মূল কারণগুলি আরো ভালভাবে বুঝতে নিউ ইয়র্ক স্টেটকে সমর্থন করার জন্য Aclima-এর সাথে অংশীদার হতে পেরে আমরা গর্বিত। Aclima এবং গুগল পাবলিক সেক্টরের মাধ্যমে, স্টেট

দূষণের প্যাটার্ন সম্পর্কে একটি সার্বিক ধারণা পাবে এবং শুধুমাত্র বায়ুর মানই নয়, বরং স্টেট জুড়ে জনস্বাস্থ্যের উন্নতির জন্য অবিচ্ছেদ্য তথ্য বিশ্লেষণের ক্ষেত্রেও উন্নতি করবে।"
**BlocPower-এর প্রতিষ্ঠাতা ডনেল বেয়ার্ড বলেন,** "জলবায়ু বিষয়ক উদ্ভাবন, জলবায়ু বিষয়ক কর্মসূচি বাস্তবায়ন, এবং উচ্চ মজুরি প্রদানকারী জলবায়ু সংক্রান্ত কর্মসংস্থানের ক্ষেত্রে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে। নিউ ইয়র্ক স্টেট যে প্রাথমিক বিনিয়োগগুলি করছে সে সংক্রান্ত ডাটা প্রকাশিত হলে, এটি আরো স্পষ্ট হয়ে উঠবে যে জলবায়ু সংকট মোকাবেলায় নিউ ইয়র্ক স্টেট বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে - যেটি আমাদের সময়ের সবচেয়ে বড় সমস্যা।"

এই কর্মসূচি এসব অতিরিক্ত চাপযুক্ত এলাকায় বায়ুর মানের প্রভাব সম্পর্কে হাইপারলোকাল তথ্য শনাক্ত করবে এবং প্রশমনমূলক কার্যক্রম শনাক্ত করতে স্টেটকে সহায়তা করবে, যা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমাতে নিউ ইয়র্কের লক্ষ্য অর্জনেও সহায়তা করতে পারে। এই প্রথম স্টেটব্যাপী ভ্রাম্যমাণ পর্যবেক্ষণ পরিবেশ সংরক্ষণ বিভাগের বিদ্যমান প্রচেষ্টাকে সম্পূরণ করে যা স্টেট জুড়ে 50টিরও বেশি সাইটে ক্রমাগত এবং/অথবা ম্যানুয়াল সরঞ্জাম ব্যবহার করে আউটডোরে বায়ু দূষণের মাত্রা পরিমাপ করে। পরিবেশ সংরক্ষণ বিভাগ এই পরিমাপগুলি EPA-এর এয়ার কোয়ালিটি সিস্টেমের (AQS) API-তে রিপোর্ট করে। এছাড়াও পরিবেশ সংরক্ষণ বিভাগ কিছু দূষণকারী পদার্থের জন্য একটি বায়ুর মানের সূচকের (Air Quality Index, AQI) পূর্বাভাস প্রদান করে যা মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটের বর্তমান বায়ুর মান পরিমাপের ডাটা প্রদান করে। সেইসাথে, সুনির্দিষ্ট নির্গমনের উৎস এবং অন্যান্য পরিবেশগত বা জনস্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগ সম্পর্কে বাসিন্দাদের এবং নীতিনির্ধারকদের অবহিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক সিটির কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলি হাইপারলোকাল বায়ু মান পর্যবেক্ষণ পরিচালনা করেছে।

### নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে

2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

**Aclima-র পরিচিতি**
Aclima হলো আমাদের বায়ুর স্বাস্থ্য নির্ণয় এবং জলবায়ু-পরিবর্তনকারী দূষণ ট্র্যাক করার জন্য একটি সম্পূর্ণ নতুন উপায়ের পথপ্রদর্শক। তাদের রোভিং ও স্থির সেন্সর নেটওয়ার্কের সাহায্যে Aclima অভূতপূর্ব স্কেলে এবং ব্লক-বাই-ব্লক রেজোল্যুশন সহ বায়ু দূষণ এবং গ্রিনহাউস গ্যাস পরিমাপ করে। তাদের পেশাদার বিশ্লেষণ সফ্টওয়্যার, Aclima Pro, সরকার, কোম্পানি এবং কমিউনিটির জন্য বিলিয়ন বিলিয়ন বৈজ্ঞানিক পরিমাপকে পরিবেশগত বোধগম্য তথ্যে রূপান্তর করে। তাদের বিনামূল্যের অ্যাপ, air.health, তারা যেসব কমিউনিটিকে সেবা প্রদান করে তাদের জন্য ঠিকানা-পর্যায়ে বায়ুর মানের মানচিত্র ও জলবায়ু সংক্রান্ত অন্তর্দৃষ্টি তৈরি করে। Aclima হলো একটি সুনির্দিষ্ট উদ্দেশ্যে পরিচালিত প্রযুক্তি কোম্পানি যা জলবায়ু সংক্রান্ত সাহসী কর্মকাণ্ড পরিচালনা করে যা জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখে, নির্গমন হ্রাস করে, এবং সবার জন্য নির্মল বায়ু সরবরাহ করে।

**BlocPower পরিচিতি**
BlocPower হলো একটি ব্রুকলিন-ভিত্তিক জলবায়ু প্রযুক্তি কোম্পানি যা আমেরিকার শহরগুলিকে দ্রুত সবুজ করে তুলছে। 2014 সালে প্রতিষ্ঠার পর থেকে, এই কোম্পানি 1,200+ ভবনে বিদ্যুৎ প্রকল্প সম্পন্ন করেছে এবং নির্ধারিত সময়ের আগে ও বাজেটের চেয়ে কম খরচে ফলাফল প্রদান করেছে। বিশ্লেষণ, লিজিং, প্রকল্প ব্যবস্থাপনা, এবং শহুরে নির্মল বিদ্যুৎ প্রকল্প তদারকির জন্য BlockPower তার নিজস্ব সফটওয়্যার ব্যবহার করে এবং এর গ্রাহকরা প্রতি বছর তাদের বিদ্যুৎ বিলের 20-40% সাশ্রয় করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418